*The Bangladesh Obseruer*

11

তারিখ ... ২।৪।৯৫ ...
পৃষ্ঠা ৭৮ কলাম ৭ ......

# এসএসসি পরীক্ষা ১৯৯৫

- ১৯৯৫ইং সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা সারাদেশব্যাপী আগামী ২০শে এপ্রিল, ১৯৯৫ইং তারিখ হতে ৮ই মে, ১৯৯৫ইং তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে।
- ১৯৯৪ সাল হতে এসএসসি পরীক্ষার উত্তরপত্র কোডিং এবং ফলাফল প্রক্রিয়াকরণ কম্পিউটারের মাধ্যমে করা হচ্ছে। পরীক্ষার্থীগণের কম্পিউটারায়ন সম্পর্কে কোন তথ্য জানার দরকার হলে তাকে তার নিজ নিজ স্কুলের প্রধান শিক্ষকের সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হচ্ছে। কোন প্রধান শিক্ষকের পক্ষে কোন ছাত্রকে কোন তথ্য প্রদান সম্ভব না হলে তাকে অনুগ্রহ করে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নিম্নোক্ত টেলিফোন নম্বরে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হচ্ছে ঃ

  মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা, ফোন নম্বর-(০২) ৫০৮৯৯৬
  মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা, ফোন নম্বর-(০৮১) ৬১৭২
  মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর, ফোন নম্বর-(০৪২১) ৬৮৯৭
  মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী, ফোন নম্বর- (০৭২১) ৬২৩১
- কক্ষ পরিদর্শক, হল সুপার এবং কেন্দ্র সচিবদের করণীয় সম্পর্কেও বিস্তারিত নির্দেশনা বোর্ডসমূহ প্রধান শিক্ষকের নিকট প্রেরণ করেছে।
- নকলকে সমর্থন ও সহায়তা প্রদান একটি আত্মঘাতমূলক ও দন্ডনীয় অপরাধ। অবিলম্বে ইহা বর্জন করুন।
- নকল প্রথা শিক্ষার্থীর জীবনে চরম অবক্ষয়ের সূচনা করে। এই অপরাধপ্রবণতা তাদের দ্রুত ধ্বংসের মুখে ঠেলে দেয়।
- নকল করে জ্ঞান অর্জন করা যায় না। নকলে গৌরব নেই। আছে শুধু আত্মপ্রবঞ্চনা ও ব্যর্থতার আত্মগ্লানি। নকল করা দন্ডনীয় অপরাধ।
- নকল করা থেকে বিরত থাকুন। নকল করার অপরাধে ৪ (চার) বৎসর পর্যন্ত বহিষ্কারের বিধান আছে।
- কেন্দ্র ও বিদ্যালয় কর্তৃপক্ষ, বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা বা অন্য যে কোন ব্যক্তির কারণে পরীক্ষা কেন্দ্রে সুষ্ঠু পরীক্ষা পরিচালনায় বিঘ্ন হলে কেন্দ্র বাতিল, সংশ্লিষ্ট ব্যক্তিকে চাকরিচ্যুত এবং বিদ্যালয়ের স্বীকৃতি বাতিল করা হবে।
- পরীক্ষা কেন্দ্রে আইন-শৃঙ্খলা ভঙ্গকারী যে কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে পাবলিক পরীক্ষা অপরাধ আইনবলে তাৎক্ষণিকভাবে বিচার করে কারাদন্ড অথবা অর্থদন্ড অথবা উভয় প্রকার দন্ড প্রদানের ব্যবস্থা করা হবে।
- পরীক্ষা হলে/কক্ষে প্রবেশের পূর্বে পরীক্ষার্থীর দেহ তল্লাশি করা হবে। পরীক্ষার হলে কোন পরীক্ষার্থীর অবৈধ কাগজপত্র/বই-পুস্তক পাওয়া গেলে তাকে বহিষ্কার করা হবে।
- এসএসসি পরীক্ষা ১৯৯৫ইং-এর সুষ্ঠু ও সুচারুরূপে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করা যাচ্ছে।

**শিক্ষা মন্ত্রণালয়**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**

ডিএফপি-৭৩১৫-২৭/৩
ডি-৭৮৯২